# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**07 FEBRUARY 2025                    7:45—7:55**

---

১। আসাম প্রত্যক্ষ নিযুক্তি পরীক্ষার মাধ্যমে রাজ্যের ৯৫ শতাংশ যুবক যুবতী চাকুরী লাভ করেছে বলে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মার মন্তব্য ।

২। রাজ্যে আসন্ন বিধানসভা নির্বাচনের প্রস্তুতির খোঁজ নিতে নির্বাচন কমিশনের একটি দল আজ গুয়াহাটীতে ।

৩। মেঘালয়ের পূর্ব জয়ন্তীয়া জেলার কয়লা খনিতে বিস্ফোরণের ঘটনায় মৃতের সংখ্যা বেড়ে ২৭ ।

এবং

৪। শ্রীভূমি জেলার আনন্দপুরে আজ থেকে বহু প্রতিক্ষিত শনবিল উৎসব শুরু ।

---

মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা বলেছেন যে আসাম প্রত্যক্ষ নিযুক্তি পরীক্ষা এ ডি আর ই'র মাধ্যমে ৯৫ শতাংশ যুবক যুবতী চাকুরী লাভ করেছেন । আজ গুয়াহাটী খানাপারার জ্যোতি বিষ্ণু আন্তর্জাতিক কলা মন্দিরে মুখ্যমন্ত্রী আত্মনির্ভর
আসাম অভিযানের দ্বিতীয় পর্যায়ের অধীনে ৭৪ হাজার হিতাধিকারীকে প্রথম কিস্তির অর্থ হিসেবে মোট এক হাজার ৪৮২ কোটি টাকা বিতরণ করার পর সাংবাদিকদের সঙ্গে কথাবার্তায় মুখ্যমন্ত্রী এই মন্তব্য করেন ।মুখ্যমন্ত্রী বলেন যে বিগত ৫ বছরে প্রশাসন রাজ্যের জন্য অভুতপূর্ব কাজ করেছে । বর্তমান সরকার সাহসের সঙ্গে জনসাধারণের জন্য কাজ করে যাওয়া প্রথম সরকার বলে তিনি মন্তব্য করেন ।আজ মন্ত্রী সভার বৈঠকে কংগ্রেস নেতা গৌরব গগৈর এস আই টির প্রতিবেদন উত্থাপন করা হবে বলে তিনি জানান মুখ্যমন্ত্রী বলেন ---------

বাইট

।অনুষ্ঠানে শিল্প ও বানিজ্য মন্ত্রী বিমল বরা উপস্থিত ছিলেন ।

---

রাজ্যের আসন্ন বিধানসভা নির্বাচনের প্রস্তুতির খোঁজ নেবার উদ্দেশ্যে নির্বাচন কমিশনের একটি দল ইতিমধ্যে দুদিনের সফরসূচীতে গৌহাটীতে উপস্থিত হয়েছে । সঞ্জয় কুমার ও ভানু কুমার ইয়াতুবকে নিয়ে গঠিত উপ-নির্বাচন আয়ুক্তের দলটি রাজ্য নির্বাচন আধিকারিকের সঙ্গে আলোচনায় মিলিত হবেন । তাঁরা প্রত্যের জেলার আয়ুক্ত ও প্রবীণ পুলিশ আধিকারিকদের সঙ্গেও আলোচনা করবেন । এছাড়া দলটি রাজনৈতিক দলগুলির প্রতিনিধিদের সঙ্গেও আলোচনায় মিলিত হবেন । ১৭ ফেব্রুয়ারী মূখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার ,নির্বাচন কমিশনার ড.সুখবীর সিং সান্ধু এবং ড.বিবেক যোশীকে নিয়ে গঠিত কমিশনের পূর্ণাঙ্গ দল আসামে এসে রাজ্যের নির্বাচনী প্রস্তুতি পর্যালোচনা করা সহ সাম্প্রতিক পরিস্থিতির খোঁজ নেবেন । উভয় দল নির্বাচনী প্রস্তুতির খোঁজ নিয়ে ফিরে যাবার পর নির্বাচনের দিন ঘোষণা করার সম্ভাবনা রয়েছে ।

---

মেঘালয়ের পূর্ব জয়ন্তীয়া হিলস জেলার থাংস্কো অঞ্চলের কয়লা খনি বিস্ফোরণের ঘটনায়  মৃতের সংখ্যা বেড়ে ২৭ হয়েছে ।জাতীয় দূর্যোগ সহায়তা বাহিনী আজ আরও দুজন শ্রমিকের মৃতদেহ উদ্ধার করেছে । এপর্যন্ত ১৭ টি মৃতদেহ সনাক্ত করা হয়েছে বলে মেঘালয় সরকারের এক বিবৃতিতে জানানো হয়েছে এবং যাবতীয় আইনী ব্যবস্থা সম্পূর্ণ করার পর পরিবারের লোকেদের কাছে মৃতদেহ সমঝে দেওয়া হয়েছে ।এই ঘটনার সঙ্গে জড়িত দুজন অভিযুক্তকে গ্রেপ্তার করে গতকাল আদালতে হাজির করানো হয় ।আদালত তাদেরকে তিনদিনের পুলিশী হেফাজতে প্রেরণ করেছে ।পুলিশ ঘটনার তদন্ত অব্যাহত রাখা সহ এই ঘটনার সঙ্গে জড়িত লোকেদের সনাক্ত করার জন্য অভিযান চালিয়ে যাচ্ছে । প্রত্যক্ষদর্শীরা জানিয়েছেন যে কয়লা খনিটিতে এখনো বহু লোক আবদ্ধ রয়েছে । কয়লা খনিটিতে কাজ করতে যাওয়া ছজন শ্রমিক এখনো সন্ধানহীন রয়েছে বলে জানা গেছে ।রাজ্য দূর্যোগ ব্যবস্থাপনা বাহিনী , এন ডি আর এফ , সীমান্ত সুরক্ষা বাহিনী এবং চিকিৎসকের দল ঘঠনাস্থলে উদ্ধার অভিযানে নিয়োজিত রয়েছে ।

---

রাজ্যের প্রায় তিন হাজার গ্রাম পঞ্চায়েত , আঞ্চলিক পঞ্চায়েত এবং জেলা পরিষদের নির্বাচিত সভানেত্রী এবং সদস্যাদের উপস্থিতিতে গতকাল গুয়াহাটীর খানাপারার জ্যোতি বিষ্ণু আন্তর্জাতিক কলা মন্দিরে রাজ্য মহিলা পঞ্চায়েত সম্মেলন অনুষ্ঠিত হয়েছে । পঞ্চায়েত এবং গ্রামোন্নয়ন বিভাগের মন্ত্রী রণজিৎ কুমার দাস রাজ্যে প্রথমবারের মতো

আয়োজিত মহিলা পঞ্চায়েত সম্মেলনে অংশগ্রহণ করে সন্তোষ প্রকাশ করেন । শ্রী দাস তাঁর ভাষণে বলেন যে মহিলা সবলীকরন হচ্ছে একটি শক্তিশালী ও সমৃদ্ধ সমাজ গড়ে তোলার ভীত ।মহিলাদের নেতৃত্ব আরো অধিক সক্রিয় করে তোলে নারী শক্তির মাধ্যমে আসামকে প্রথম শ্রেণীর রাজ্য হিসেবে গড়ে তুলতে তিনি সবার প্রতি আহ্বান জানান ।

-------------------------------------------------------------------------------------

রাজ্যে আগামী ১১ ফেব্রুয়ারী থেকে ১৬ মার্চ পর্যন্ত অনুষ্ঠেয় উচ্চতর মাধ্যমিক চূড়ান্ত পরীক্ষার জন্য বিভিন্ন জেলা সহ বরাক উপত্যকার তিন জেলায়ও বেশকিছু নিষেধাজ্ঞা জারি করা হয়েছে । এই নিষেধাজ্ঞা অনুসারে পরীক্ষা কেন্দ্রের ভিতরে এবং পরীক্ষা কেন্দ্রের একশ মিটার ব্যাসার্ধের মধ্যে অনুমোদন ছাড়া কোনো ব্যাক্তির প্রবেশ এবং যানবাহন রাখার ক্ষেত্রে নিষেধাজ্ঞা রয়েছে । এছাড়া পরীক্ষার্থীদের জন্য পরীক্ষা হলে মোবাইল ফোন বা কোন ধরনের ইলেকট্রনিক ডিভাইস বহন করা কঠোরভাবে নিষিদ্ধ থাকবে । পরীক্ষা কেন্দ্রের একশ মিটারের মধ্যে কোন প্রকার খাদ্য সামগ্রীর দোকান দেবার ক্ষেত্রেও নিষেধাজ্ঞা আরোপ করা হয়েছে । পরীক্ষা প্রক্রিয়া শেষ না হওয়া পর্য্যন্ত এই নির্দেশ বহাল থাকবে বলে জানানো হয়েছে ।

-------------------------------------------------------------------------------------

কার্বি আংলং জেলার ডকমকায় ২০১৮ সালে সংঘটিত অভি-নীল হত্যাকান্ডের মামলার শুনানী আরো তিনদিনের জন্য বৃদ্ধি করা হয়েছে । নগাঁওয়ের সেশন আদালতে আগামী ২৪ , ২৬ ও ২৭ ফেব্রুয়ারী অনুষ্ঠেয় শুনানীর শেষে আদালত চূড়ান্ত রায় প্রদান করবে । দীর্ঘদিনের অপেক্ষার শেষে মামলাটিতে অভিজিত ও নীলোৎপল নামের দুই যুবকের পরিবার ন্যায় পাবে বলে আশা করা হচ্ছে ।

-------------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলার আনন্দপুর এলাকায় আজ বহু প্রতীক্ষিত শনবিল উৎসব শুরু হয়েছে । আজ সকালে উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অবসরপ্রাপ্ত এয়ার চিফ মার্শাল তথা আসাম বিশ্ববিদ্যালয়ের আচার্য অরুপ রাহা । তিনি শনবিলের মতো জলাভুমি সংরক্ষণের ওপর গুরুত্ব আরোপ করেন ।

আসাম বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক রাজীব মোহন পন্থ এবং হোজাইয়ের রবীন্দ্রনাথ ঠাকুর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য মানবেন্দ্র দত্ত চৌধুরীর পৃষ্ঠপোষকতায় আয়োজিত এই উৎসবে আগামী কয়েকদিন বিভিন্ন আলোচনা সভা , সাংস্কৃতিক অনুষ্ঠান ও সামাজিক কর্মসূচী অনুষ্ঠিত হবে ।

-------------------------------------------------------------------------------------

রাজ্যের ক্রীড়া ও যুব কল্যাণ এবং সংখ্যালঘু কল্যাণ ও উন্নয়ন বিভাগের মন্ত্রী নন্দিতা গারলোসা আগামীকাল শ্রীভূমি জেলা সফর করবেন । আগামীকাল দুপুর ১ টায় তিনি পাথারকান্দির মুন্ডমালাস্থিত মডেল হায়ার সেকেন্ডারী স্কুলের খেলার মাঠে উপস্থিত হয়ে এক অনুষ্ঠানে যোগ দেবেন । অনুষ্ঠান শেষে ওইদিনই সন্ধ্যা ৬ টায় মন্ত্রী শিলচরের উদ্দেশ্যে শ্রীভূমি জেলা থেকে রওয়ানা দেবেন ।

---

হাইলাকান্দি জেলার দক্ষিণ প্রান্তের বরুণছরা তপশিলী হাইস্কুলে আজ জাতীয় গান বন্দেমাতরমের ১৫০ বছর এবং সুধাকণ্ঠ ভুপেন হাজারিকার ১০০ তম জন্মবার্ষিকী পালন করা হয়েছে । অনুষ্ঠানে ছাত্র ছাত্রীরা ভারতের বৈচিত্রের মধ্যে ঐক্য তুলে ধরে নানা সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করে ।

উল্লেখ্য এক সময় সন্ত্রাসবাদের জন্য পরিচিত বরুণছরা এলাকায় এখন শিক্ষাই সবথেকে বড় শক্তি । রাজ্য সরকারের ধারাবাহিক উদ্যোগে বরুণছরা এখন শান্তি, শিক্ষা ও নতুন ভবিষ্যতের প্রতীক বলে স্থানীয় বাসিন্দারা মতপ্রকাশ করেছেন ।

---

শ্রীভূমি জেলার শ্রম আধিকারিক জানিয়েছেন যে দেশের অন্যান্য অংশের সঙ্গে শ্রীভুমি জেলা থেকেও অসাধু এজেন্ট ও এজেন্সিগুলির মাধ্যমে বিদেশে পাড়ি দেওয়া ভারতীয় শ্রমিকরা মধ্যপ্রাচ্যের দেশগুলিতে শোষণ ,নির্যাতন এবং আধুনিক দাসত্বের শিকার হচ্ছেন । বিভিন্ন তথ্য ও ভুক্তভোগীদের সাক্ষ্য থেকে প্রাপ্ত এই খবরে উদ্বেগ প্রকাশ করে জেলার শ্রম আধিকারিক এই অমানবিক পরিস্থিতি মোকাবিলায় এবং অসাধু এজেন্ট ও এজেন্সি থেকে সাবধান থাকতে জেলার শ্রমিকদের প্রতি আহ্বান জানিয়েছেন ।

---

মণিপুরী ল্যাঙ্গুয়েজ ডেভেলাপমেন্ট সোসাইটি , সিনিয়র সিটিজেন ফোরাম সহ বিভিন্ন সংস্থার উদ্যোগে গত বৃহস্পতিবার লক্ষীপুর বিন্নাকান্দিতে প্রয়াত শিক্ষাবিদ কে কালাচান্দ সিংহ ও প্রয়াত সাহিত্যিক এ মীনকেতন সিংহের ১২০ তম জন্মবার্ষিকী পালন করা হয়েছে । শুরুতে তাঁদের প্রতিকৃতিতে মাল্যদান করে শ্রদ্ধা জানানো হয় । এরপর আই বিনোদ সিংহ ও অধ্যাপক এন জি বসন্ত কুমার সিংহের পৌরহিত্যে অনুষ্ঠিত এক আলোচনা সভায় বিভিন্ন বক্তা প্রয়াত শিক্ষাবিদ কে কালাচান্দ সিংহ ও প্রয়াত সাহিত্যিক এ মীনকেতন সিংহের জীবন ও কাজকর্ম নিয়ে বক্তব্য রাখেন

অবসরপ্রাপ্ত অধ্যাপক এ দ্বীজেন্দ্র সিংহ এবং এম সবিতা দেবী । এছাড়াও অন্যান্য বিশিষ্ট বক্তা প্রাসঙ্গিক বক্তব্য রাখেন ।

-----------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় সরকারের ক্রীড়া ও যুবকল্যাণ মন্ত্রনালয়ের অধীন মাই ভারত কাছাড় জেলার পরিচালনায় ও মণিয়ারখাল বাণীশক্তি ক্লাবের সহযোগিতায় গতকাল মণিয়ারখাল গ্রামপঞ্চায়েত কার্যালয়ে যুব মন্ডল বিকাশ অভিযান কর্মসূচী নিয়ে এক সভা অনুষ্ঠিত হয়েছে । সভার উদ্দেশ্য ব্যাখ্যা করেন ক্লাবের মুখ্য উপদেষ্টা পরেশ তাঁতী ।সভায় জানানো জয় যে নিষ্কৃয় হয়ে থাকা ক্লাবগুলোকে সক্রিয় করে তোলা এবং ১৫ থেকে ২৯ বছরের যুবক যুবতীদের নিয়ে নতুন ক্লাব গঠন করার উদ্দেশ্যে মাই ভারত কাছাড় জেলা যুব মন্ডল বিকাশ অভিযান শুরু করা হয়েছে ।

-----------------------------------------------------------------------------------

শিলচর হাসপাতাল রোড পয়েন্ট থেকে শ্মশান রোড পর্যন্ত সড়কটি সংস্কারের জন্য আজ রাত থেকে আগামী ১২ ই ফেব্রুয়ারী পর্যন্ত প্রতিদিন রাত ১০ টা থেকে সকাল ৬ টা পর্যন্ত বন্ধ থাকবে । জনসাধারণ বিকল্প সড়ক হিসেবে চার্চ রোড দিয়ে যাতায়াত করতে পারবেন।

-----------------------------------------------------------------------------------